



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩৫৬৯

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

#### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/১২/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৬৮(এ).২২-২১৫১ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী কুড়িগ্রাম জেলার রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর সরকারি কলেজে বেসরকারী আমলে নিয়োগকৃত ও কর্মরত ৪৭ (সাতচল্লিশ) জন শিক্ষক-কে কলেজ সরকারিকরণের তারিখ (০৮ আগস্ট ২০১৮) হতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ না থাকায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বরত জনাব মো: দেলোয়ার হোসেন আকন্দ (ইনডেক্স-০১৯২৮৫) সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) ইতিহাস পদে অধিদপ্তরে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেন এবং কলেজের কার্যাদি পরিচালনার লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে জনাব মো: দেলোয়ার হোসেন আকন্দ (ইনডেক্স-০১৯২৮৫)-কে সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শর্ত মোতাবেক সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৩১-১২-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩৫৬৯/১ (১১)

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪। জেলা প্রশাসক, -----;
- ৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৮। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----;
- ৯। জনাব মো: দেলোয়ার হোসেন আকন্দ (ইনডেক্স-০১৯২৮৫), রাজিবপুর সরকারি কলেজ, রাজিবপুর, কুড়িগ্রাম;
- ১০। ব্যাংক ম্যানেজার, ----- এবং
- ১১। সংরক্ষণ নথি।



*Handwritten signature*

৩১-১২-২০২৩  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক